উল্লেখিত প্রতিবেদন আগামী ..২২/৬/১৭...তরিখ বেলা.১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

# বাংলাদেশ জাতীয় সংসদ

অতীব জরুরী

২০১৭ সালের ৩ জুলাই, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ১৩৪৩ । জনাব মোহাম্মদ ইলিয়াছ (কক্সবাজার-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঢাকা-কক্সবাজার রেল লাইন নির্মাণ কাজ কোন পর্যায়ে আছে; এবং কবে নাগাদ রেল যোগাযোগ চালু করা সম্ভব হইবে?

EE Gopalganj

* ১৩৪৪ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলায় সড়ক ও পরিবহন জনপথ বিভাগের আওতায় কোন সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী এবং চলতি অর্থ বছরে কোন অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ১৩৪৫ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে যশোর জেলায় কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১৩৪৬ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলার রমনা (চিলমারী) হইতে পার্বতীপুর রেল সেকশনে কমিউটার ট্রেন চালু করিবার ব্যবস্থা নিবেন কিনা; নিলে কবে নাগাদ এই ট্রেন চালু করা হইবে?

ACE BMW
SE. Planning
EE Khulna

* ১৩৪৭ । জনাব এস. এম. মোস্তফা রশিদী (খুলনা-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশের মহাসড়ক নেটওয়ার্ক শক্তিশালী করিবার লক্ষ্যে বাংলাদেশ-চীনের সহায়তায় কোনো সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কোন কোন নদীর উপর উক্ত সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে;

(খ) দেশের মহাসড়ক নেটওয়ার্ক শক্তিশালী করা তথা বিভাগীয় শহর খুলনা শহরের পার্শ্ববর্তী এলাকার সরাসরি যোগাযোগ ব্যবস্থা স্থাপনের লক্ষ্যে ভৈরব, রূপসা নদীতে কোনো সেতু স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ১৩৪৮ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার মহিলাদের প্রশিক্ষণের জন্য একটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, তাহা কী?

* ১৩৪৯ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের কোন কোন এলাকায় রেলের ডাবল লাইন লাইন আছে; এবং ঢাকা-চট্টগ্রাম ডাবল লাইনে উন্নীত করিবার কাজ কবে নাগাদ সম্পন্ন হইবে?

* ১৩৫০ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সাধারণ কৃষকগণ যাহাতে পাটের ন্যায্য মূল্য পাই সেই লক্ষ্যে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে; সঠিক সময়ে পাটের মূল্য নির্ধারণ করা হইবে কিনা?

Jhalakathi

* ১৩৫১ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের আওতায় ঝালকাঠি জেলায় রাজাপুর এবং কাঠালিয়া উপজেলায় কোনো সড়ককে অন্তর্ভুক্ত করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?



২৭/৬/১৭

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ মনিটরিং সার্কেল সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

নং- ৪৭৮-মঃসাঃ তাং- ২১/৬/১৭

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ১৩৫২ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১৩৫৩ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বারবার প্রতিশ্রুতি প্রাপ্ত দক্ষিণাঞ্চলের যানবাহন চলাচলের একমাত্র গুরুত্বপূর্ণ চরাখালী-মঠবাড়ীয়-পাথরঘাটা সড়কটি ১৮ ফুট প্রস্ত করণের ডিপিপি পাস করিয়া সড়কটি নির্মাণের ব্যবস্থা করিবেন কিনা?

* ১৩৫৪ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের উত্তর বঙ্গের যোগাযোগ ব্যবস্থা উন্নত করিবার লক্ষ্যে প্রতিটি মহাসড়ক চারলেনে উন্নীত করিবার পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ১৩৫৫ । জনাব মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়া (কুমিল্লা-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের পোশাক শিল্পের উন্নয়নে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ১৩৫৬ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা সিংগাইর ও হরিরামপুর উপজেলা মহিলাদের আত্ম কর্মসংস্থান সৃষ্টি করিবার লক্ষে কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১৩৫৭ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, বর্তমান সরকার দেশের বেশ কটি জেলায় নেতুন রেলপথ নেটওয়ার্ক এর আওতায় আনিবার পরিকল্পনা করিয়াছে; উত্তর সত্য হইলে, কবে নাগাদ ইহা পূনাঙ্গ বাস্তবায়ন করা হইবে?

* ১৩৫৮ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয় না থাকায় ঢাকা যানজট নিরসনের জন্য নেওয়া প্রায় সকল উদ্যোগই ব্যর্থ হইতেছে। যানজন নিরসনে সরকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয় কার্যকরে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

* ১৩৫৯ । জনাব কামরুল আশরাফ খান (নরসিংদী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে আমার নির্বচনী এলাকার নরসিংদী জেলার পলাশ উপজেলায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তালিকা কী?

* ১৩৬০ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বঙ্গবন্ধু সেতুর টোল আদায়ের মেয়াদকাল কত; এবং

(খ) উদ্বোধনের পর হইতে এই পর্যন্ত উক্ত সেতুর উপর দিয়া গাড়ী পারাপার বাবদ কত টাকার টোল আদায় হইয়াছে ; এবং একই সময়ে ব্যায়ের পরিমাণ কত?

* ১৩৬১ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দীর্ঘদিন দেশে ইলেকট্রিক ট্রেন সার্ভিস চালুর কথাশুনা গেলেও অদ্যবধি উক্ত ট্রেন চালু হয়নাই। দেশে কবে নাগাদ ইলেকট্রিক ট্রেন সার্ভিস চালু করা হইবে?

* ১৩৬২ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় কতটি জুট মিল রহিয়াছে; এবং জুট মিলগুলি সচল আছে কিনা?

Lalmonirhat



*১৩৬৩ । জনাব মোঃ মোতাহার হোসেন (লালমনিরহাট-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার সংসদীয় আসন ১৬ লালমনিরহাট-১ (পাটগ্রাম-হাতীবান্ধা) এর পাটগ্রাম উপজেলার পাটগ্রাম পৌরসভার ধরলা নদীর উপর নির্মাণাধীন ব্রীজের নির্মাণ কাজ ২০১৭ সালের জুন মাসে সম্পন্ন হইবে কিনা; কবে নাগাদ এই ব্রীজটি জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করিয়া দেওয়া হইবে?

Sirajganj

*১৩৬৪ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলায় চলতি অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

* ১৩৬৫ । জনাব কামাল আহমেদ মজুমদার (ঢাকা-১৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা শহরে সিটিং সার্ভিসের নামে অতিরিক্ত ভাড়া ও যাত্রী হয়রানির সমস্যা সমাধানে আপনার মন্ত্রণালয়ের পদক্ষেপ কী; এবং ভবিষ্যৎ পরিকল্পনা কী?

* ১৩৬৬ । জনাব মোঃ নবী নেওয়াজ (ঝিনাইদহ-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ঝিনাইদহ জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহা কী?

Bhola

* ১৩৬৭ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপদ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ১৩৬৮ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেল যোগাযোগের আধুনিকায়নের লক্ষ্যে বর্তমান সরকার এই পর্যন্ত কী কী পরিকল্পনা গ্রহণ করিয়াছে; এবং আগামী দিনে কী পরিকল্পনা গ্রহণ করা হইবে?

* ১৩৬৯ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঢাকা শহরে চলাচলকারী বিআরটিসি বাসের সংখ্যা কত; এবং নতুন কোনো বাস আমদানী করা হইবে কিনা; হইলে, কোন দেশ হইতে আমদানী করা হইবে?

* ১৩৭০ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৬-২০১৭ অর্থ বছরে মহিলা ও শিশুদের জীবনমান উন্নয়নে কী কী প্রকল্প গৃহীত হইয়াছে?

* ১৩৭১ । জনাব শরীফ আহমেদ (ময়মনসিংহ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ১৩৭২ । জনাব মোঃ সোহরাব উদ্দিন (কিশোরগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে আমার নির্বাচনী এলাকা কটিয়াদি ও পাকুন্দিয়া উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হ্যাঁ হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ১৩৭৩ । মিসেস আমিনা আহমেদ (মহিলা আসন-৩৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে গত অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে কুমিল্লা জেলায় কোন ঋণ বিতরণ করিয়াছেন কিনা; করিলে, ঋণের পরিমাণ কত এবং উপজেলাওয়ারী হিসাব কী?

* ১৩৭৪ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বস্ত্র শিল্পে উদ্যোক্তা সৃষ্টি এবং বস্ত্র শিল্প উন্নয়নের লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কী কী পদক্ষেপ/পরিকল্পনা গ্রহণ করিতেছে; বস্ত্রকল/টেক্সটাইল মিল স্থাপনের লক্ষ্যে আপনার মন্ত্রণালয় হইতে কোনো ঋণ প্রদান করা হয় কিনা; হইলে, বিগত অর্থ বছরে কত টাকা ঋণ প্রদান করা হইয়াছে; না হইলে, ঋণের ব্যবস্থা করা হইবে কিনা?

* ১৩৭৫ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিশ্ববাজারে বাংলাদেশি পাটের চাহিদা বাড়াইতে সরকার কোনো উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

* ১৩৭৬ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সোনালি আঁশ পাটের ব্যবহার বাড়াইতে পাটের তৈরি পরিবেশবান্ধব 'পলিথিন' উৎপাদন করিতে সরকার কোনো উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

ACE, BMW/ All ACE

* ১৩৭৭ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ২০০৯ সাল হইতে এই পর্যন্ত বাংলাদেশের সড়ক/মহাসড়কে কতটি এবং কত মিটার সেতু নির্মাণ করা হইয়াছে; কতটি সেতু নির্মাণাধীন/নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হইয়াছে নামসহ বিবরণ কী;

Patuakhali (খ) গলাচিপা উপজেলায় বাসনাবাদ নদীর উপর ব্রীজ নির্মাণ কোন পর্যায়ে আছে; লেবুখালী-দশমিনা-গলাচিপা-আমড়াগাছিয়া সড়কে গাজীপুরা খালে ব্রীজ নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হইবে?

* ১৩৭৮ । জনাব মোঃ নুরুল ইসলাম সুজন (পঞ্চগড়-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পঞ্চগড় জেলার বোদা ও দেবীগঞ্জ উপজেলার অসহায় দুঃস্থ মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কোনো অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী; না হইলে, তাহার কারণ কী?

Narshingdi

* ১৩৭৯ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নরসিংদী জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত, এবং কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

* ১৩৮০ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার নারী উন্নয়নে বৈষম্য কমাইতে গৃহীত পরিকল্পনায় সমন্বয় আনিবার লক্ষ্যে কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ১৩৮১ । পীর ফজলুর রহমান (সুনামগঞ্জ-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুনামগঞ্জ জেলায় আগামী অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় দুঃস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে?

* ১৩৮২ । জনাব এ,কে,এম শাহজাহান কামাল (লক্ষ্মীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দেশের স্বার্থে এবং রুগ্ন শিল্প রক্ষার্থে পাটকলসমূহে ভর্তুকী দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

* ১৩৮৩ । জনাব ফরহাদ হোসেন (মেহেরপুর-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মেহেরপুরকে কবে নাগাদ রেল সংযোগের আওতায় আনা হইবে?

ঢাকা,
৭ আষাঢ়, ১৪২৪।
২১ জুন, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৭ সালের ৩ জুলাই, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

৭১৮ । জনাব মোঃ আবদুল্লাহ (পটুয়াখালী-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারি/২০১৪ হইতে মার্চ/২০১৭ পর্যন্ত কত কিলোমিটার রেল লাইন নির্মাণ করা হইয়াছে?

৭১৯ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের পাট চাষীদের উন্নয়নে সরকারের পক্ষ হইতে কী কী কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

৭২০ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়িতা ফাউন্ডেশনকে ইউএনডিপি কত টাকা দেয়; বাংলাদেশ হইতে কত টাকা পায়; জয়িতার মাধ্যমে কতগুলি লোক উপকৃত হইয়াছে?

Pirojpur ৭২১ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে আপনার মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ও চলমান প্রকল্পের রাস্তা কতটি;

(খ) উক্ত প্রকল্পগুলির নাম কী;

(গ) প্রকল্পপ্রতি বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(ঘ) উল্লিখিত ক্ষেত্রে কাজের অগ্রগতিতে আপনি সন্তুষ্ট কিনা?

৭২২ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে ছোট/মাঝারী/বৃহৎ কতগুলি টেক্সটাইল মিল/বস্ত্রকল রহিয়াছে; বন্ধ/রুগ্ন বস্ত্রকল/টেক্সটাইল মিল সচল করিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়ের কোনো প্রকল্প/কর্মসূচী আছে কিনা; থাকিলে, তাহা কী; বস্ত্রকল/টেক্সটাইল মিল মালিকেরা ইহাতে কি রূপ লাভবান হইতেছে; না থাকিলে, কোনো কর্মসূচী/প্রকল্প গ্রহণ করিবার পদক্ষেপ/পরিকল্পনা গ্রহণ করা হইবে কিনা?

৭২৩ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতায় থাকাকালীন সময়ের মধ্যে চট্টগ্রাম হইতে কক্সবাজার পর্যন্ত রেলপথ নির্মাণের কোনো পরিকল্পনা গ্রহণ করা হইবে কিনা; উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাদ রেলপথ নির্মাণের কাজ আরম্ভ হইবে?

৭২৪ । বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশের বস্ত্র ও পাটজাত দ্রব্য পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করিয়া কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হইতেছে; এই লক্ষ্যমাত্রা বাড়াইবার জন্য সরকারের গৃহীত পদক্ষেপগুলি কী কী?

৭২৫ । বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মহিলা ও শিশু পাচার রোধে এবং শিশুশ্রমের বিরুদ্ধে সরকারের পরবর্তী পদক্ষেপগুলি কী কী?

৭২৬ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের বন্ধ পাট ও বস্ত্র কল সমূহের হাজার হাজার বেকার শ্রমিকদের পুনর্বাসনের লক্ষ্যে বন্ধ বস্ত্র ও পাট কলগুলি চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, উহা কী?

৭২৭ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, সরকার নিয়মিত নারীদের আইনী সহায়তা ও অন্যান্য সুবিধা দেওয়ার লক্ষ্যে গঠন করিয়াছে অনলাইন তথ্য ভান্ডার; এবং উত্তর সত্য হইলে, উক্ত তথ্য ভান্ডারের মাধ্যমে নির্যাতিত নারীরা কী কী ভাবে উপকৃত হইবেন?

Feni

৭২৮ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলা সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরে ফেনী জেলায় কতটি সড়কের উন্নয়ন করা হইয়াছে; এবং বরাদ্দ ও ব্যয়ের পরিমাণ কত?

৭২৯ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়নকল্পে ২০১৬-২০১৭ অর্থবছরের কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; এবং হইলে, তাহা কী?

৭৩০ । জনাব এডঃ মোঃ জিয়াউল হক মৃধা (ব্রাহ্মণবাড়িয়া-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিশ্ববাজারে পাটের অতীত গৌরবোজ্জল ঐতিহ্য ফিরাইয়া আনিবার বিশেষ উদ্যোগ হিসাবে পাট চাষীদের বিশেষ ভর্তুকী ও ঋণপ্রদানের পরিকল্পনা সরকারের আছে কিনা?

ACE, BMW

৭৩১ । জনাব মুহাম্মদ মিজানুর রহমান (খুলনা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, বাংলাদেশ-চীন যৌথভাবে পটুয়াখালী জেলার বগা নদীর উপর, বাগেরহাট জেলার মংলা চ্যানেলের উপর, খুলনা জেলার রূপসাপিয়া নদীর উপর সেতু নির্মাণের পদক্ষেপ গ্রহণ করিতে যাইতেছে; এবং

(খ) সত্য হইলে, দেশের মহাসড়ক নেটওয়ার্ক আরো শক্তিশালী করিবার লক্ষ্যে আঞ্চলিকতার বিষয়টি গুরুত্ব দিয়া দেশে আর কোনো বড় সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা?

৭৩২ । বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা চট্টগ্রাম রেলপথ তথা সমগ্র বাংলাদেশের কিছু কিছু স্থানে প্রতি বছর বর্ষাকালে বা অতি বন্যায় অনেক সময় রেলপথ ডুবিয়া যায়। আর তাহাতে বড় বড় দুর্ঘটনা বা প্রাণহানীর শংকা থাকে। রেলপথ উন্নয়নে সরকারের কোনো পদক্ষেপ আছে কিনা?

৭৩৩ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ধামরাই উপজেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

৭৩৪ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে ধামরাই উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; না দেওয়া হইলে দিবেন কিনা?

৭৩৫ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে বর্তমান সরকার ক্ষমতায় আসিবার পর হইতে এই পর্যন্ত মহিলা বিষয়ক অধিদপ্তরের মধ্যেমে চট্টগ্রাম জেলার সন্দীপ উপজেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত?

৭৩৬ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, প্রস্তাবিত সোনাগাজী মীরসরাই অর্থনৈতিক অঞ্চলের কাজে গতিশীলতা আনতে নোয়াখালী, সোনাগাজী চট্টগ্রাম রেললাইন স্থাপনের কোনো পরিকল্পনা আছে কিনা?

৭৩৭ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের পাটকলসমূহে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করিয়া উৎপাদন বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

৭৩৮ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৫-১৬ অর্থ বছরে নাটোর সদর ও নলডাঙ্গা উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কী কী অনুদান দেওয়া হইয়াছে; খাতওয়ারী জানাইবেন কী?

৭৩৯ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নাটোর রেলস্টেশনের অবকাঠামো মেরামতের কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন কিনা?

ঢাকা,
৭ আষাঢ়, ১৪২৪।
২১ জুন, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।